

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নীতি ও সংগঠন শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৮৬/৯৫০

তারিখঃ ১৩ জুলাই ২০২০

প্রাপক : মিঃ তামান্না তাবাসুন্ম খান
সহকারী সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

নির্দেশিত হয়ে মাল্টায় IMO International Maritime Law Institute (IMLI)-তে ১২ অক্টোবর ২০২০ হতে অনুষ্ঠিতব্য Master of Law (L.L.M) programme in International Maritime Law and Master of Humanities (M. Hum) programme in International Maritime Legislation শীর্ষক মাস্টার্স কোর্সে অংশগ্রহণের জন্যে আপনার অনুকূলে এক বছরের জন্য (ভ্রমণ সময় ব্যতীত) ইস্তাম্বুল, তুরস্ক হয়ে মাল্টা ভ্রমণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রেষণ মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) প্রেষণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে মর্মে আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না;
- খ) যাতায়াতের বিমান ভাড়া মন্ত্রণালয়ের মেরিটাইম এফেয়ার্স ইউনিট এবং অন্যান্য যাবতীয় ব্যয় আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে;
- গ) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশ অবস্থান করতে পারবেন না;
- ঘ) কোর্স সমাপনান্তে দেশে ফিরে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে;
- ঙ) উক্ত উচ্চ শিক্ষা সমাপনান্তে দেশে প্রত্যাবর্তনের পর পুনরায় বৈদেশিক প্রশিক্ষণ/উচ্চ শিক্ষার জন্য মনোনয়ন প্রাপ্তির পূর্বে আপনাকে ০৪ (চার) বছর মেয়াদের চাকরি পূরণ করতে হবে, তবে শুধু ডক্টরেট এবং পোস্ট ডক্টরেট রিসার্চের ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না;
- চ) উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য আপনি আগামী ১১ অক্টোবর ২০২০ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকা ত্যাগ করবেন এবং কোর্স শেষে ১২ অক্টোবর ২০২১ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।


২০/১০/২০২০

(আফজাল মেহদাত আদনান)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)
ফোনঃ ৯৫৫৫৩২০

নং- এডি-পিএন্ডও-৯৮৬/৯৫০

তারিখঃ ১৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। রেজিষ্টার, ফরেন সার্ভিস একাডেমি, রাষ্ট্রীয় অতিথি ভবন, সুগন্ধা, ২২ নিউ বেইলী রোড, ঢাকা।
- ২। অতিরিক্ত পররাষ্ট্র সচিব (প্রশাসন ও কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক (প্রশাসন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার (পররাষ্ট্র মন্ত্রণালয়), চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, ১ম ১২তলা (৯ম তলা) সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/সংস্থাপন/নীতি ও সংগঠন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (পিএন্ডও/সংস্থাপন-১/এসএসএ/বাজেট/তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা [মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ]
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৯। বাংলাদেশ দূতাবাস, এথেন্স, গ্রীস।
- ১০। সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথি।


২০/১০/২০২০

(আফজাল মেহদাত আদনান)
সহকারী সচিব (নীতি ও সংগঠন)